

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা- ১২১৬।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪৯.১৮- ১৩৬২

তারিখ

২২

অগ্রহায়ণ, ১৪২৫  
ডিসেম্বর, ২০১৮

বিষয় : মতামত প্রদান এবং রীট পিটিশন নং ১০১৯৭/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

সূত্র: উশিঅ/বোচা/দিনাজ/২০১৮/৪৭৯, তারিখ: ০১.১১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলাধীন বোচাগঞ্জ উপজেলার ছোট সুলতানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরী কাম প্রহরী পদে যাচাই ও নিয়োগ কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগপত্র জারীর লক্ষ্যে অনুমোদিত প্যানেল হতে জনাব মো: ওমর ফারুককে নিয়োগপত্র প্রদান করেন। তিনি ০১/০৮/২০১৮ তারিখে যোগদানপূর্বক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে দায়িত্ব প্রদান করে আসছেন। উক্ত প্রার্থীর নিয়োগ প্রদানকে চ্যালেঞ্জ করে জনাব মো: হানিফ মোর্শেদ মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১০১৯৭/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুরকে ২নং, উপজেলা শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে ৪নং রেসপনডেন্টসহ এবং মো: ওমর ফারুককে ৫নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে রেসপনডেন্ট করা হয়নি। মহামান্য আদালত ১২.০৮.২০১৮ তারিখে রেসপনডেন্টদের প্রতি রুলনিশি ইস্যুসহ নির্বাচিত প্রার্থীর তালিকার কার্যক্রমকে ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করে আদেশ প্রদান করেন।

২। ৫নং রেসপনডেন্টস জনাব মো: ওমর ফারুক উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ৩৬০৫/২০১৮ দায়ের করেন। মহামান্য আদালত ১৪.১০.২০১৮ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন:

However, operation of the order dated 12.08.2018 passed by the High Court Division in Writ Petition No. 10197 so far as it relates to interim order of stay be stayed till disposal of the Rule.

৩। উক্ত আদেশের প্রেক্ষিতে নিয়োগপ্রাপ্ত দপ্তরী কাম প্রহরীর বেতন ভাতাদি প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবরে আবেদন করেন। উল্লেখ্য যে, মূল মোকদ্দমটি চলমান আছে। নিয়োগপ্রাপ্ত দপ্তরী কাম প্রহরীর বেতন ভাতাদি প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ৩৬০৫/২০১৮ এর আদেশের সার্টিফাইড কপি এবং তাঁর নিয়োগ ও যোগদান সংক্রান্ত রেকর্ডপত্র প্রয়োজন। তাছাড়া উক্ত রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন।


৪। বর্গিত অবস্থায়, সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ৩৬০৫/২০১৮ এর আদেশের সার্টিফাইড কপি এবং তাঁর নিয়োগ ও যোগদান সংক্রান্ত রেকর্ডপত্র এবং উক্ত রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র (সকল রেকর্ডপত্র তিন সেট) এবং প্রেরিত ওকালতনামা ও ক্ষমতাপর্ণপত্রে যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্ণ ০২ (দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
দিনাজপুর।

  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)  
সহঃ পরিচালক (আইন কোষ)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪৯.১৮- ১৩৬২

তারিখ:


২২

অগ্রহায়ণ, ১৪২৫  
ডিসেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)